



নম্বর ৫৭.২৫.০০০০.০০১.০৮.০০২.২০.৩১

জরুরি  
তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪২৭

১৭ মে ২০২০

### বিজ্ঞপ্তি

বিষয়: নতুন এমপিওভুক্ত/এমপিও স্তর পরিবর্তনকৃত মাদ্রাসার শিক্ষক-কর্মচারীগণের জুন'২০২০খ্রি. মাসের জন্য অনলাইনে এমপিও'র(বিশেষ) আবেদন প্রেরণ/প্রক্রিয়াকরণের সময়সীমা ও নির্দেশনা।

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.০৮.০০২.২০-১৬; তারিখ: ০১.০৫.২০২০ খ্রি. মোতাবেক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন নতুন এমপিওভুক্ত/এমপিও স্তর পরিবর্তনকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা)-এর শিক্ষক কর্মচারীদের মে'২০২০ মাসের অনলাইনে এমপিও আবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছিল।

০২. বিদ্যমান পরিস্থিতিতে নানাবিধ কারণে এমপিও পাওয়ার যোগ্য অনেক শিক্ষক কর্মচারী নির্ধারিত সময়ে আবেদন করতে পারেননি। আবার অনেক শিক্ষক কর্মচারীর আবেদন অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ হওয়ায় কারণে, অনেকের কাগজপত্র/সংযুক্তি ঘাটতি থাকার কারণে তা সফলভাবে নিষ্পত্তি করা সম্ভব হয়নি। এ পরিস্থিতিতে নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা)-এর যে সকল শিক্ষক কর্মচারী নির্ধারিত সময়ে আবেদন করতে পারেননি বা যাদের আবেদন সফলভাবে নিষ্পত্তি হয়নি তাঁরা পূর্বের নির্দেশনার আলোকে নিম্নের সময়সীমা অনুযায়ী এমপিওভুক্তির জন্য জুন'২০২০খ্রি. (বিশেষ) আবেদন করতে পারবেন।

ক) অনলাইনে আবেদন শুরু: ২১.০৫.২০২০ খ্রি.।

খ) প্রতিষ্ঠান প্রধানগণ ২৯.০৫.২০২০ খ্রি. তারিখের মধ্যে তাঁর প্রতিষ্ঠানের যোগ্য শিক্ষক কর্মচারীর স্বয়ংসম্পূর্ণ এমপিও আবেদন অনলাইনে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের নিকট প্রেরণ করবেন;

গ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ প্রতিষ্ঠান প্রধানগণের নিকট হতে ২৯.০৫.২০২০ খ্রি. তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনসমূহ ০৪.০৬.২০২০ খ্রি. তারিখের মধ্যে নিষ্পত্তি করবেন;

ঘ) জেলা শিক্ষা কর্মকর্তাগণ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ ০৮.০৬.২০২০ খ্রি. তারিখের মধ্যে নিষ্পত্তি করবেন;

ঙ) আঞ্চলিক উপ-পরিচালকগণ জেলা শিক্ষা কর্মকর্তাগণের নিকট হতে প্রাপ্ত আবেদনসমূহ ১৫.০৬.২০২০ খ্রি. তারিখের মধ্যে নিষ্পত্তি করে অনুমোদনকৃত আবেদনসমূহ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের এম.ই.এম.আই.এস সেলে প্রেরণ করবেন।

০৩. অনলাইনে এমপিও আবেদন নিষ্পত্তি/অনুমোদন/প্রক্রিয়াকরণের জন্য কোন পর্যায়েই শেষ সময়ের জন্য অপেক্ষা করা যাবে না। অনলাইনে আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ দ্রুততম সময়ের মধ্যে তা যাচাই বাছাই করে তা নিষ্পত্তি/অনুমোদন/প্রক্রিয়াকরণ শেষে পরবর্তী পর্যায়ে প্রেরণ করবেন।

০৪. এমপিও আবেদন প্রক্রিয়াকরণের এ সময়সীমা নতুন এমপিওভুক্ত/এমটিপও স্তর পরিবর্তনকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা)-এর যোগ্য শিক্ষক কর্মচারীদের জুন'২০২০খ্রি. (বিশেষ) আবেদন প্রেরণ ও প্রক্রিয়াকরণের জন্য প্রযোজ্য হবে।

১৭-৫-২০২০

সফিউদ্দিন আহমদ

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) উপ-পরিচালক(সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৩) সকল জেলা শিক্ষা কর্মকর্তা, বাংলাদেশ
- ৪) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সকল উপজেলা/থানা।
- ৫) সভাপতি, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি, নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত মাদ্রাসাসমূহ।
- ৬) অধ্যক্ষ/সুপার, নতুন এমপিওভুক্ত/এমপিওস্তর পরিবর্তনকৃত মাদ্রাসাসমূহ।
- ৭) প্রোগ্রামার,, এম.ই.এম.আই.এস সেল। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)